# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**24 JANUARY 2025 7:45—7:55**

---

(১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন যে- সরকার দেশের এবং প্রবাসী যুব সমাজের জন্য নতুন সুযোগ-সুবিধা সৃষ্টির জন্য কাজ করে আসছে/

(২) রাষ্ট্রপতি ভবন প্রাঙ্গণে নতুন গ্রন্থ কটিরে আসামের বেশকয়েকটি সাঁচিপাতার পুঁথি সংরক্ষণ/

(৩) আজ জাতীয় কন্যাশিশু দিবস/ এই দিবসে কন্যা সন্তানের অধিকার, শিক্ষা, স্বাস্থ্য, পুষ্টিকরণ এবং কল্যাণে গুরুত্ব প্রদান/

এবং

(৪) সমগ্র দেশের সঙ্গে আসামেও ৭৭ তম সাধারণতন্ত্র দিবস পালনের ব্যাপক প্রস্তুতি/

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন যে- সরকার দেশের এবং প্রবাসী যুব সমাজের জন্য নতুন সুযোগ সুবিধা সৃষ্টির জন্য কাজ করে আসছে । তিনি বলেন যে- ভারত সম্প্রতি দেশের দক্ষ যুবক-যুবতীদের জন্য সুযোগ বের করার উদ্দেশ্যে বিভিন্ন দেশের সঙ্গে বাণিজ্য সহ অন্যান্য গতিশীল চুক্তিতে উপনীত হয়েছে । নতুনদিল্লিতে অষ্টাদশ জাতীয় নিয়োগ মেলায় ভার্চুয়াল ব্যবস্থায় অংশগ্রহণ করে প্রধানমন্ত্রী মোদী আজ একথা বলেন । এই অনুষ্ঠানে প্রধানমন্ত্রী বিভিন্ন সরকারী বিভাগ ও সংস্থায় নিযুক্তির জন্য ৬১ হাজারেরও বেশি যুবক-যুবতীর মধ্যে নিযুক্তি পত্র বিতরণ করেন ।

দেশের গতিশীল অর্থনীতির উপর আলোকপাত করে শ্রী মোদী বলেন যে- মোট ঘরোয়া উৎপাদন একটি দশকে দ্বিগুণ করে দেওয়া ভারত-ই হচ্ছে বিশ্বের একমাত্র

অর্থনীতি । তিনি বলেন যে- প্রত্যক্ষ বিদেশী বিনিয়োগের মাধ্যমে বর্তমানে একশোরও বেশি দেশ ভারতে বিনিয়োগ করেছে এবং ২০১৪ সালের পূর্বের দশকের তুলনায় দেশে প্রত্যক্ষ বিদেশী বিনিয়োগ আড়াই গুণেরও বেশি বৃদ্ধি পেয়েছে । এই ব্যাপক বিদেশি বিনিয়োগ দেশের যুবসমাজের জন্য কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করেছে বলেও শ্রী মোদী জানিয়েছেন । আজকের দিনটির তাৎপর্য সম্পর্কে তিনি বলেন যে- আজকের দিনে সংবিধানে জন গণ মন অধিনায়ক'কে জাতীয় সঙ্গীত এবং বন্দে মাতরম'কে জাতীয় গান হিসেবে স্বীকৃতি দেওয়া হয়েছিল । নিয়োগ মেলা সম্পর্কে প্রধানমন্ত্রী বলেন যে- এই মেলা বর্তমানে একটি প্রতিষ্ঠানে পরিণত হয়েছে এবং বিভিন্ন সরকারি বিভাগের চাকরির জন্যে বেশকয়েক লক্ষ যুবক-যুবতী এই মেলার মাধ্যমে নিযুক্তি লাভ করেছে । আজ বিতরণ করা নিযুক্তি পত্রসমূহকে তিনি রাষ্ট্র নির্মাণের আমন্ত্রণ হিসেবে অভিহিত করেছেন । তিনি বলেছেন যে- বিকশিত ভারতের পথে যুবক-যুবতীদের এগিয়ে নিয়ে যাওয়ার জন্য এটাই হচ্ছেধ বিশেষ সংকল্প পত্র । উল্লেখ্য- দেশের ৪৫টি স্থানে আজ অষ্টাদশ নিযুক্তি মেলার আয়োজন করা হয় । নব নিযুক্ত প্রার্থীরা বিভিন্ন মন্ত্রণালয় এবং বিভাগে যোগদান করবে ।

-------------------------------------------------------------------------------------

রাষ্ট্রপতি ভবন প্রাঙ্গনের গ্রন্থ কুটীরে আসামের বেশ কয়েকটি সাঁচিপাতার পুঁথি স্থানলাভ করেছে । গুয়াহাটীর শ্রীমন্ত শঙ্করদেব কলাক্ষেত্র সমাজের উদ্যোগে রাজ্যের বিভিন্ন সত্র তথা বিশিষ্ট ব্যক্তিদের কাছ থৈকে সংগ্রহ করা ৫ টি প্রাচীন সাঁচিপাতার পুথি সহ মোট ৮ টি এধরণের পুথি কুটিরে স্থান লাভ করেছে । উল্লেখ্য রাষ্ট্রপতি শ্রীমতী দ্রৌপদী মুর্মু গতকাল এই গ্রন্থ কুটীরের উদ্বোধন করেন । কুটীরে অসমীয়া সহ দেশের মোট ১১ টি ধ্রুপদী ভাষার প্রাচীন পুথি , পান্ডুলিপি এবং অন্যান্য সাহিত্য সম্ভার সংরক্ষণ করার ব্যবস্থা গ্রহণ করা হয়েছে । উল্লেখ্য মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মার পরামর্শে সাঁচিপাতার পুথি সংগ্রহ করার ক্ষেত্রে কলাক্ষেত্র সমাজ বিশেষ পদক্ষেপ গ্রহণ করেছে ।এবং নানা স্থান থেকে সংগ্রহ করা কীর্তন ঘোষা , নাম ঘোষা ,গীত গোবিন্দ ইত্যাদি সাঁচিপাতার পুথি রাষ্ট্রপতি ভবনকে অর্পণ করা হয়েছে ।

-------------------------------------------------------------------------------------

মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত শর্মা আজ নলবারীর বরক্ষেত্রী বিধানসভা এলাকার ৩০ হাজার ৮০৬ জন আত্মসহায়ক গোষ্ঠির হিতাধিকারীকে মহিলা উদ্যমিতা প্রকল্পের অধীনে ১০ হাজার টাকা করে চেক বিতরণ করেন ।অনুষ্ঠানের পর সাংবাদিকদের সঙ্গে কথাবার্তায় মুখ্যমন্ত্রী বলেন যে আসন্ন বিধানসভা নির্বাচনে অগপ এবং বিজেপির মিত্রতা প্রায় চূড়ান্ত এবং আসন সংখ্যাও পূর্বের মতোই থাকবে ।

---

সমগ্র দেশে আজ জাতীয় কন্যা শিশু দিবস পালন করা হয়েছে । এই দিবসে কন্যা সন্তানের অধিকার , শিক্ষা স্বাস্থ্য , পোষণ এবং কল্যাণের উপর গুরুত্ব আরোপ করা হয়েছে । প্রতি বছর এই দিবসে লিংগ বৈষম্যের বিরোধিতা , সম-সুবিধা প্রদান এবং সচেতনতা সৃষ্টি করার প্রয়াস করা হয় । এই দিবসের সঙ্গে সঙ্গতি রেখে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী প্রথমবার ক্ষমতায় আসার পর ২০১৫ সালের ২২ শে জানুয়ারী বেটী বাচাও বেটী পড়াও প্রকল্পের সূচনা করা হয় ।

রাজ্যের বিভিন্ন জেলায় আজ নানা কার্যসূচীর মাধ্যমে জাতীয় কন্যা শিশু দিবস পালন করা হয় ।

কাছাড় জেলা স্বাস্থ্য বিভাগের উদ্যোগে আজ এই দিবস উপলক্ষে শিলচর মহিলা কলেজে  র‍্যালি ,সচেতনতা সভা ইত্যাদির আয়োজন করা হয় । সভায় মহিলা কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ ডঃ শান্তনু দাস , জেলার অতিরিক্ত মুখ্য চিকিৎসা ও স্বাস্থ্য আধিকারীক ডঃ এম আই বরভূঁইয়া , কলেজের অধ্যাপক , স্বাস্থ্য বিভাগের কর্মকর্তারা উপস্থিত ছিলেন ।সভায় বিভিন্ন বক্তা কন্যা শিশুদের শিক্ষা , স্বাস্থ্য, অধিকার ,ইত্যাদি বিষয় নিয়ে বক্তব্য রাখেন ।

---

আসাম রাজ্য বিদ্যালয় শিক্ষা বিভাগের আওতাধীন প্রাথমিক এবং উচ্চ প্রাথমিক বিদ্যালয়ের চার হাজার ৫০০টি শিক্ষক পদে নিযুক্তির জন্য প্রার্থীদের পরীক্ষণ তালিকা আগামী সোমবার প্রকাশিত হবে । রাজ্যের শিক্ষা মন্ত্রী ডাঃ রণোজ পেগু সামাজিক মাধ্যমে আজ একথা ঘোষণা করেছেন । তিনি একইসঙ্গে প্রার্থীদের পরীক্ষণ প্রক্রিয়া আগামী ২৮শে জানুয়ারি আরম্ভ হবে বলে জানিয়েছেন । এরজন্যে প্রার্থীদেরকে প্রয়োজনীয় নথি-পত্রসমূহ প্রস্তুত রাখার জন্য শিক্ষামন্ত্রী আহ্বান জানিয়েছেন ।

---

জাগীরোডের জোনবিলের পারে অনুষ্ঠিত ঐতিহাসিক গোভা দেওরাজার পরাম্পরাগত জোনবিল মেলা আজ সমাপ্ত হয়েছে । আজ গোভা রাজা জোনবিল মেলা প্রাঙ্গনে রাজদরবার বসিয়ে প্রজাদের কাছ থেকে প্রতীকি রূপে কর -কাটল সংগ্রহ করার পর মেলা সমাপ্ত হয় ।

---

সমমগ্র দেশের সঙ্গে সমগ্র রাজ্যে ৭৭ তম সাধারণ তন্ত্র দিবস পালনের ব্যাপক প্রস্তুতি অব্যাহত রয়েছে । আর একটি মাত্র দিন বাকী থাকায় জেলা সদরগুলোতে কুচকাওয়াজের অনুশীলন পরিলক্ষিত হচ্ছে ।রাজ্যপাল লক্ষ্মণ প্রসাদ আচার্য গুয়াহাটী

খানাপাড়ার পশু চিকিৎসা মহাবিদ্যালয়ের খেলার মাঠে ঐদিন সকাল ৯ টায় জাতীয় পতাকা উত্তোলন করবেন ।এবার নতুনদিল্লীতে অনুষ্ঠেয় সাধারণতন্ত্র দিবসের প্যারেডে আসামের পোড়া মাটির শিল্পের প্রতীকপট প্রদর্শন করা হবে।
রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আগামীকাল সাধারণতন্ত্র দিবসের প্রাক সন্ধ্যায় দেশবাসীর উদ্দেশ্যে ভাষণ দেবেন । সন্ধ্যা সাতটা থেকে এই ভাষণ আকাশবাণীর সবকটি নেটওয়ার্ক এবং দূরদর্শনের সব চ্যানেলে সম্প্রচার করা হবে । হিন্দি এবং ইংরাজীতে এই ভাষণ সম্প্রচারের পর আঞ্চলিক ভাষায় অনুবাদ সম্প্রচার করা হবে ।আমাদের কেন্দ্র থেকে আগামীকাল রাত সাড়ে ন'টায় রাষ্ট্রপতির ভাষণের বাংলা অনুবাদ প্রচার করা হবে ।

-----------------------------------------------------------------------------------

সাধারণতন্ত্র দিবসের প্রাক মূহুর্তে গতকাল সন্ধ্যায় পুলিশ বদরপুর রেল স্টেশনে বিস্ফোরক সামগ্রী সহ এক ব্যক্তিকে আটক করেছে । আমাদের শ্রীভূমি সংবাদদাতা জানিয়েছেন যে- বদরপুর রেল স্টেশনের এক নম্বর প্ল্যাটফর্মে রুটিন তল্লাশি চালানোর সময় এক যুবকের ব্যাগ থেকে দশ হাজারটি ডিটোনেটর বাজেয়াপ্ত করা হয়েছে । আটক যুবকটি শ্রীভূমি জেলার নিলাম বাজার থানার ঊষারাণী গ্রামের বাসিন্দা । ঘটনার খবর পেয়ে শ্রীভূমি জেলার পুলিশ সুপার লীনা দোলে এবং বদরপুর থানার ভারপ্রাপ্ত আধিকারিক বদরপুর রেলস্টেশনে ছুটে আসেন । উল্লেখ্য- বাজেয়াপ্ত হওয়া ডিটোনেটর সাধারণতঃ খনি, পাথর ভাঙ্গা ও বড় নির্মাণকাজে নিয়ন্ত্রিত বিস্ফোরণের জন্য ব্যবহার করা হয় বলে আমাদের সংবাদদাতা উল্লেখ করেছেন । তবে পুলিশ সূত্রে জানানো হয়েছে যে- এই ডিটোনেটর কীভাবে সেখানে এসেছে, এবং এর পিছনে কোনো বেআইনী কার্যকলাপ রয়েছে কি-না, তা খতিয়ে দেখা হচ্ছে । পুলিশ গোটা ঘটনার তদন্ত অব্যাহত রেখেছে ।

-----------------------------------------------------------------------------------

বরাক উপত্যকার তিন জেলায়ও আগামীকাল জাতীয় ভোটার দিবস পালন করা হবে । শ্রীভূমি জেলায় আগামীকাল ষোড়শ জাতীয় ভোটার দিবস উপলক্ষে শ্রীভূমি জেলার সব সরকারি কার্যালয়, শিক্ষা প্রতিষ্ঠান, রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠান ইত্যাদিতে জাতীয় ভোটার দিবসের অঙ্গীকার গ্রহণ করা হবে । এবছরের জাতীয় ভোটার দিবসের বিষয় হচ্ছে- 'মাই ইন্ডিয়া মাই ভোট' । এই বিষয়ের উপর নির্বাচন কমিশন থেকে পাঠানো ভোটারদের অঙ্গীকার পাঠ করতে শ্রীভূমি জেলা নির্বাচন আধিকারিক জেলার সব কার্যালয় প্রধান ও শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানদের অনুরোধ জানিয়েছেন । পাশাপাশি এই কার্যসূচির ছবি রাজ্য নির্বাচন কমিশনের কাছে জমা দেওয়ার উদ্দেশ্যে শ্রীভূমির নির্বাচন আধিকারিকের কার্যালয়ে জমা দেবারও অনুরোধ জানানো হয়েছে ।

---

সিকিম পুলিশকে অসাধারণ সেবা এবং পেশাদারিত্বের জন্য রাষ্ট্রপতির পুলিশ কালার পুরষ্কার প্রদান করা হয়েছে । নিশান নামে পরিচিত এই পুরষ্কার হচ্ছে সাহস , অনুশাসন তথা নিষ্ঠার প্রতীক । উল্লেখ্য যে স্বাধীনতার পর এ পর্যন্ত ১৪টি রাজ্য এই পুরষ্কার লাভ করতে সক্ষম হয়েছে । সামগ্রিকভাবে এই পুরষ্কার লাভ করা সিকিম হচ্ছে দেশের পঞ্চদশ এবং উত্তর-পূর্বাঞ্চলের তৃতীয় রাজ্য হিসেবে পরিগণিত হয়েছে ।

---

রাজ্যসরকারের থেকে যেসব প্রার্থী সম্প্রতি এ ডি আর ই, পুলিশ, নার্স, শিক্ষা বিভাগ ইত্যাদিতে নিযুক্তি পত্র পেয়েছেন, কিন্তু এখনও মেডিকেল ফিটনেস সার্টিফিকেট পাননি, তাদের জন্য আগামী ২৮ থেকে ৩০শে জানুয়ারি পর্যন্ত শ্রীভূমির সিভিল হাসপাতাল প্রাঙ্গণে বিশেষ মেডিকেল ফিটনেস টেস্ট ও সার্টিফিকেট প্রদান শিবির অনুষ্ঠিত হবে । এই বিশেষ শিবিরে প্রার্থীদের সিভিল হাসপাতালের ওপিডি কাউন্টারে তাদের নিযুক্তি পত্র দেখিয়ে সংশ্লিষ্ট ফর্ম সংগ্রহ করতে হবে বলে শ্রীভূমি হাসপাতালের ভারপ্রাপ্ত সুপার জানিয়েছেন ।

---

৭৯তম সন্তোষ ট্রফি ফুটবল প্রতিযোগীতার আজ তৃতীয় দিন কয়েকটি খেলা অনুষ্ঠিত হয়েছে । ঢকুয়াখনার বিষ্ণুরাম মেধী খেলার মাঠে অনুষ্ঠিত আসাম ও নাগাল্যান্ডের মধ্যে খেলা ৩-৩ গোলে ড্র হয়েছে । প্রতিযোগীতার অন্য একটি খেলায় পশ্চিমবঙ্গ ও উত্তরাখন্ডের মধ্যে খেলা নির্ধারতি সময়ে গোল শূন্যভাবে ড্র হয় । পরে অতিরিক্ত সময়ে পশ্চিমবঙ্গ ১-০ গোলে উত্তরাখন্ডকে পরাজিত করে । এদিকে চিলাপাথর স্টেডিয়ামে অনুষ্ঠিত অন্য আরেকটি খেলায় তামিলনাড়ু রাজস্থানকে ১-০ গোলে পরাজিত করে ।

---